

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
ইনোভেশন টিম



২০২০-২০২১ অর্থবছরের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ সংক্রান্ত ১ম সভার কার্যবিবরণী

সভাপতি	নাসিমা বেগম পরিচালক (ভূতত্ত্ব)
সভার তারিখ	০৩ ডিসেম্বর ২০২০
সভার সময়	পূর্বাহ্ন ১১.০০ ঘটিকা
স্থান	শহীদ মোকলেসুর রহমান মিলনায়তন
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) জিএসবি'র ২০২০-২০২১ অর্থবছরে বাস্তবায়নাধীন উদ্ভাবনী উদ্যোগসমূহ উপস্থাপন করার জন্য উদ্ভাবকগণকে আহ্বান করেন। জনাব নাসিমা বেগম পরিচালক (ভূতত্ত্ব) 'বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানকে জিএসবি'র লাইব্রেরির প্রকাশিত প্রতিবেদনের তথ্য প্রদান সেবা প্রক্রিয়া সহজিকরণ' শীর্ষক আইডিয়ার বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। তিনি সভায় অবহিত করেন যে, বর্ণিত সেবাটি প্রদানের জন্য একটি অনলাইন ফরম ইতোমধ্যে ডিজাইন করা হয়েছে এবং পরিচালক (প্রকাশনা ও প্রশিক্ষণ) এর মতামত নেয়া হয়েছে। তিনি অনলাইন ফরমে সংশ্লিষ্ট প্রতিবেদন ব্যবহারের ক্ষেত্রে রেফারেন্স প্রদানের জন্য তথ্য সংগ্রহের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। জনাব সৈয়দা জেসমিন হক, উপ-পরিচালক (ভূতত্ত্ব) 'সমন্বিত প্যালিনোলজি ও প্যালিওন্টোলজিক্যাল ডাটাবেজ অ্যাপ আকারে প্রস্তুত করে তথ্য প্রদান সহজিকরণ' শীর্ষক আইডিয়ার বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। তিনি সভায় জানান যে, অ্যাপটি তৃতীয় পক্ষের (ভেন্ডর কোম্পানী) সহায়তায় প্রস্তুত করার জন্য ইতোমধ্যে কারিগরী বিনির্দেশ জমা দিয়েছেন। তিনি আরও জানান যে, অ্যাপের কনটেন্ট ইতোমধ্যে প্রস্তুত করা হয়েছে আর অ্যাপটি যেহেতু ডাইনামিক হবে সময়ে সময়ে নতুন তথ্য সংযোজন করে হালনাগাদ করার ব্যবস্থা গ্রহণ করা হবে। জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) অ্যাপের প্রকাশিতব্য তথ্য সম্পর্কে জিএসবি'র সম্পাদনা পরিষদের মতামত গ্রহণের বিষয়ে আলোকপাত করেন। জনাব এ. জেড. এম. সালেহ আহমেদ, ফটেল্যাব সুপারিনটেনডেন্ট 'জিএসবি ব্লাড ক্লাব' শীর্ষক আইডিয়ার বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। তিনি জানান যে, রক্ত দান সম্পর্কিত তথ্য সংগ্রহের জন্য হার্ডকপি ফরম এবং গুগল ফরম প্রস্তুত করা হয়েছে। জনাব নাসিমা বেগম, পরিচালক (ভূতত্ত্ব) প্রস্তাবিত ফরমের নির্দেশাবলী অংশটি রেজিস্টার্ড চিকিৎসক অথবা সরকারি হাসপাতালের সংশ্লিষ্ট বিভাগের পরামর্শ মত সংযোজন-বিয়োজনের প্রস্তাব করেন এবং বিনামূল্যে রক্ত সরবরাহকারী প্রতিষ্ঠান/সংস্থার সাথে যোগাযোগ করে হালনাগাদ তথ্য মহাপরিচালক মহোদয়কে অবহিতকরণের নির্দেশ প্রদান করেন।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহীত হয়:

১. উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন সংক্রান্ত পরবর্তী পরিবীক্ষণ সভা চলতি ডিসেম্বর ২০২০ মাসের শেষ সপ্তাহে আয়োজন করা হবে। সভায় মহাপরিচালক মহোদয়সহ জিএসবি'র বিভিন্ন শাখার শাখাপ্রধানগণকে আমন্ত্রণ জানানো হবে।

Signature

নাসিমা বেগম
পরিচালক (ভূতত্ত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৬২.১৯.১৮


তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৭

০৬ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (ভূতত্ত্ব), অপারেশন ও সমন্বয় শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ২) পরিচালক (ভূতত্ত্ব), পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৩) পরিচালক (ভূতত্ত্ব) ও প্রকল্প পরিচালক, **GeoUPAC**, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৪) পরিচালক (ভূতত্ত্ব), ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৫) উপ-পরিচালক (ড্রিলিং)-২, ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৬) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-২, স্তরতত্ত্ব ও জীব স্তরতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৭) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-১, শিলাবিদ্যা ও মনিকবিদ্যা শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৮) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৪, শিলাবিদ্যা ও মনিকবিদ্যা শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৯) জনাব এ. জেড. এম. সালেহ আহমেদ, ফটোল্যাভ সুপারিনটেনডেন্ট, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ১০) উচ্চমান সহকারী, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর



রাজিব কুমার সাহা

সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য সচিব,

ইনোভেশন টিম